মুজিবনগরে কাবাডি চ্যাম্পিয়নশিপের ইউনিয়ন পর্যায়ে দুটি খেলা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর থানার আয়োজনে শুরু হয়েছে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখা এবং পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মুজিবনগরের শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ এবং দারিয়াপুর ফুটবল মাঠে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপের মোনাখালী ইউনিয়ন ও দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ের দুটি কাবাডি খেলা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পর্যায়ের কাবাডি প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস।

মোনাখালী ইউনিয়ন পর্যায়ের খেলায় উপস্থিত ছিলেন নগর থানার ওসি (তদন্ত) সেলিম জাহাঙ্গীর, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি খাইরুল বাশার, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবির, ইউনিয়ন জামায়াতে ইসলামীর সভাপতি মোখলেসুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স।

দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত কাবাডি খেলায় উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জিয়াউর রহমান।

এ সময় মুজিবনগর থানার পুলিশ কর্মকর্তাসহ স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং ক্রীড়াপ্রেমীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আয়োজক ও অতিথিরা বলেন, “মাদককে না বলি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ সুন্দর জীবন গড়ি”—এই বার্তাকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও শক্তিশালী করতে খেলাধুলার আয়োজন করা হয়েছে। কাবাডির মতো গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাকে

জনপ্রিয় করার পাশাপাশি তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা আরও বলেন, খেলাধুলা মানুষের মধ্যে শৃঙ্খলা, সৌহার্দ্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব তৈরি করে। পুলিশের সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণমূলক সম্পর্ক আরও দৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন গ্রাম থেকে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে এ আয়োজনকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করলেন এমপি শওকত আরা আক্তার

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করেছেন সংরক্ষিত মহিলা আসন-৩৩ এর সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আক্তার উর্মি। শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকালে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সে পৌঁছালে বিএনপির নেতাকর্মীরা তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

এ সময় নেতাকর্মী ও স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে তাকে শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন তিনি।

পরে সংসদ সদস্য শওকত আরা আক্তার উর্মি ঐতিহাসিক মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সের বিভিন্ন স্থান ঘুরে দেখেন। পরিদর্শনকালে তিনি ঐতিহাসিক স্থাপনাগুলো সম্পর্কে খোঁজখবর নেন এবং সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন।

এ সময় তিনি স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন, সাংগঠনিক কার্যক্রমের খোঁজখবর নেন এবং ঐতিহাসিক মুজিবনগরের স্মৃতিবিজড়িত স্থান পরিদর্শন করেন। নেতাকর্মীদের মধ্যে পারস্পরিক ঐক্য, শৃঙ্খলা ও জনসম্পৃক্ততা আরও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন

তিনি।

মুজিবনগরের ইতিহাস, ঐতিহ্য ও রাজনৈতিক-সাংগঠনিক কর্মকাণ্ডকে সামনে রেখে মানুষের পাশে থেকে গঠনমূলক ও জনকল্যাণমুখী কার্যক্রম এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন,সাধারন সম্পাদক কামরুল হাসান,মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম,সাধারন সম্পাদক মশিউর রহমানসহ আরো উপস্থিত ছিল মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল ছাত্রদল ও অন্যান্য অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

মুজিবনগরে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপের শুভ উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগর থানার আয়োজনে শুরু হয়েছে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখা এবং পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপের শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উত্তম কুমার দাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

এ সময় মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মশিউর রহমান, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম,মুজিবনগর উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম,বাগোয়ান ইউনিয়ন জামায়াত ইসলামির আমির ফারুক হুসাইন,উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান,মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, জামায়াত

ইসলামী নেতা হাফিজুর রহমান,,পুলিশ কর্মকর্তাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং ক্রীড়াপ্রেমীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আয়োজকরা বলেন, “মাদককে না বলি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ সুন্দর জীবন গড়ি”—এই বার্তাকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও শক্তিশালী করতে খেলাধুলার আয়োজন করা হয়েছে। কাবাডির মতো গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাকে জনপ্রিয় করার পাশাপাশি তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা বলেন, খেলাধুলা মানুষের মধ্যে শৃঙ্খলা, সৌহার্দ্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব তৈরি করে। পুলিশের সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণমূলক সম্পর্ক আরও দৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উদ্বোধনের পর অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে এ আয়োজনকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

উক্ত কাবাডী খেলায় জয়পুর-তারানগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে আনন্দবাস মিয়া মুনসুর একাডেমী টিম জয়লাভ করে।

মুজিবনগরে খুচরা সার সরবরাহের দাবিতে ইউএনও ও কৃষি কর্মকর্তার কাছে স্মারকলিপি

মুজিবনগরে খুচরা পর্যায়ে বিক্রেতাদের সার সরবরাহের দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও উপজেলা কৃষি কর্মকর্তার কাছে স্মারকলিপি দিয়েছেন মুজিবনগর উপজেলা খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ।

বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে সমিতির উদ্যোগে এ

স্মারকলিপি প্রদান করা হয়। এতে নেতৃত্ব দেন মুজিবনগর উপজেলা খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির সভাপতি সোহরাবদ্দীন, সহ-সভাপতি আবু সাঈদ ও সাধারণ সম্পাদক কলিমুদ্দিন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে স্মারকলিপি দেওয়ার জন্য ব্যবসায়ীরা উপস্থিত হলেও ওই সময় তারা দুজনই অফিসে না থাকায় স্মারকলিপি দুটি উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলামের কাছে হস্তান্তর করা হয়।

এ বিষয়ে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলাম জানান, কৃষি অফিসে খুচরা সার বিক্রেতাদের তালিকা রয়েছে। তবে যারা আজ স্মারকলিপি দিয়েছেন, তারা ডিলারদের কাছ থেকে সার কিনে ভোক্তাদের কাছে বিক্রি করেন। তাঁর দাবি, এভাবে সার বিক্রি করা আইনগতভাবে অপরাধ।

এ সময় খুচরা সার ও বালাইনাশক ব্যবসায়ী সমিতির সভাপতি সোহরাবদ্দীন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলামকে বলেন, খুচরা পর্যায়ে সার বিক্রির সুযোগ না দেওয়া হলে তারা পুরো উপজেলার সার ও বালাইনাশকের দোকান বন্ধ করে দেবেন।

ব্র্যাকের কার্যক্রম পরিদর্শন করলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা

মেহেরপুরের মুজিবনগরে বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রূপায়ন দেব।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) তিনি মুজিবনগর উপজেলার রামনগরে অবস্থিত ব্র্যাকের এরিয়া অফিস পরিদর্শন করেন। এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আসাদুজ্জামান।

পরিদর্শনকালে ব্র্যাকের স্বাস্থ্যসেবিকাদের রিফ্রেশার্স প্রশিক্ষণের অংশগ্রহণকারীদের সঙ্গে মাঠপর্যায়ে যক্ষ্মার চিকিৎসায় ডটস পদ্ধতি সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নেন ইউএনও রূপায়ন দেব। এ সময় প্রায় ২২ জন অংশগ্রহণকারীর সঙ্গে তিনি মতবিনিময় করেন।

এ ছাড়া ব্র্যাকের মাধ্যমে যক্ষ্মার ওষুধ সেবন করে সুস্থ জীবনযাপন করছেন এমন দুইজন রোগীর সঙ্গেও কথা বলেন তিনি। তাদের অন্যদের সচেতন করার পরামর্শ দেন।

ইউএনও রূপায়ন দেব বলেন, “এক নাগাড়ে দুই সপ্তাহের বেশি সময় ধরে কারও কাশি থাকলে অবশ্যই যেন তারা কফ পরীক্ষা করান।” এ ছাড়া তিনি ডেঙ্গু বিষয়ে উপস্থিত সবাইকে সচেতন করেন।

ব্র্যাক বাংলাদেশে যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। যক্ষ্মা রোগী শনাক্তকরণ, চিকিৎসা ও প্রতিরোধে প্রতিষ্ঠানটি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে রয়েছে কমিউনিটিভিত্তিক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচি, রোগী শনাক্তকরণ ও চিকিৎসায় সহায়তা, বিনামূল্যে ওষুধ সরবরাহ, ডটস প্রদান এবং চিকিৎসার ফলোআপ।

পরে ইউএনও ব্র্যাক কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন এবং মুজিবনগরে ব্র্যাক পরিচালিত অন্যান্য কার্যক্রম সম্পর্কে অবহিত হন। এসব কার্যক্রমের মধ্যে ভার্মি কম্পোস্ট উপকরণ প্রদান, মুরগি ও হাঁসের বাচ্চা প্রদান, গাছের চারা বিতরণ, চক্ষু ক্যাম্প এবং জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধে ক্যাম্প আয়োজনের বিষয়গুলো উল্লেখযোগ্য।

এ সময় আরও উপস্থিত ছিলেন ব্র্যাকের মেহেরপুর জেলা সমন্বয়ক শেখ মনিরুল হুদা, এরিয়া ম্যানেজার (দাবি) মো. মাসুদ, এরিয়া ম্যানেজার (প্রগতি) মো. সেলিম রেজা, ডিএম (টিবি কনট্রোল প্রোগ্রাম) অচিন্ত কুমার বোস, বিএম (দাবি) মো. মিজানুর রহমান, বিএম (বিসিইউপি) মো. আল আমিন, উপজেলা ম্যানেজার (টিবি কনট্রোল প্রোগ্রাম) বিচিত্র কুমার এবং শাখা হিসাব কর্মকর্তা মো. কামাল হোসেনসহ অন্যরা।

মুজিবনগরে ৪ পিস ইয়াবাসহ ২ মাদক কারবারী আটক

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ৪ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। গতকাল শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮ টার দিকে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারের ওয়ালটন শোরুমের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটক ব্যক্তিরা হলেন উপজেলার পুরন্দরপুর গ্রামের মৃত আবু বক্কর এর ছেলে

আব্দুল ওহাব মল্লিক (৫১) এবং দারিয়াপুর গ্রামের মৃত শ্রী শম্ভু দাস এর ছেলে শ্রী হৃদয় দাস (২৩)।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই বিল্লাল হোসেনের নেতৃত্বে এএসআই মিলন, মুন্না ও জাহিদ অভিযান পরিচালনা করে তাদের আটক করে। এ সময় তল্লাশী করে তাদের কাছ থেকে ৪ পিস ইয়াবা টেবলেট উদ্ধার করা হয়। পরে আটক দুজনকে মুজিবনগর থানায় নিয়ে যাওয়া হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উত্তম কুমার দাস ঘটনার সত্যাতা স্বীকার করে জানান এ ঘটনায় আটক কৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন ।

মুজিবনগরে ইটভাঙা মেশিন উল্টে নির্মাণ শ্রমিক নিহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামে ইটভাঙা মেশিন উল্টে লিখন হোসেন (২৭) নামের এক নির্মাণ শ্রমিক নিহত হয়েছেন।

এ ঘটনায় আহত হয়েছেন আরও কয়েকজন শ্রমিক। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকালে দুর্ঘটনায় আহত হওয়ার পর দুপুরে কুষ্টিয়ার একটি হাসপাতালে

চিকিৎসাধীন অবস্থায় লিখনের মৃত্যু হয়।

নিহত লিখন হোসেন মুজিবনগর উপজেলার দারিয়াপুর খানপুর গ্রামের খোকন মিয়ার ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে মুজিবনগর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক সমিতির কার্যালয় থেকে একটি ইটভাঙা মেশিন নিয়ে কয়েকজন শ্রমিক আনন্দবাস গ্রামে যাচ্ছিলেন। বল্লভপুর গ্রামের সমিল এলাকায় পৌঁছালে মেশিনটির সামনের চাকার এক্সেল ভেঙে সেটি উল্টে যায়। এ সময় লিখন হোসেন মেশিনের নিচে চাপা পড়েন।

স্থানীয়রা আহত শ্রমিকদের উদ্ধার করে হাসপাতালে পাঠান। সেখানে সামান্য আহত কয়েকজন শ্রমিককে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। গুরুতর আহত লিখন হোসেনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার জানান, দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছে পুলিশ। এ বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

সড়ক ও পানিতে কেড়ে নিলো তিন শিশুর প্রাণ

মেহেরপুরের মুজিবনগর ও গাংনীতে পৃথক দুর্ঘটনায় তিন শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে মুজিবনগরে ইজিবাইকের ধাক্কায় ৭ বছরের এক শিশু ও ট্রাকের চাপায় ১১ বছরের আরেক শিশু নিহত হয়েছে। এছাড়া গাংনীতে পুকুরের পানিতে ডুবে মারা গেছে দুই বছরের এক শিশু।

রোববার বিকেল পৌনে ৫টার দিকে মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের মহসিন মার্কেটের সামনে ইজিবাইকের ধাক্কায় জান্নাতুল খাতুন (৭) নামে এক শিশু নিহত হয়। নিহত জান্নাতুল মহাজনপুর গ্রামের কারিগরপাড়ার শিল্টনের মেয়ে। সে স্থানীয় মহাজনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিল।

অন্যদিকে, একই উপজেলার মানিকনগর এলাকায় ট্রাকের চাপায় নাবিল (১১) নামে আরেক শিশু নিহত হয়েছে। ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে, গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে পুকুরের পানিতে ডুবে আরিশা খাতুন (২) নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল রোববার দুপুর দেড়টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আরিশা ওই গ্রামের রাকিবুল ইসলামের মেয়ে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে আরিশা বাড়িতে মোবাইল ফোন দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল ফোন নিয়ে বাড়ির পাশে খেলতে যায় সে। একপর্যায়ে পরিবারের সদস্যদের অজান্তে বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরের পানিতে ভাসমান অবস্থায় তাকে উদ্ধার করে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত শিশুর ফুফু চুমকি খাতুন জানান, আরিশা মোবাইল দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল নিয়েই খেলতে যায়। পরে বাড়ির পাশের পুকুরে পড়ে যায় সে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মাহবুবুর রহমান নয়ন জানান, হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর ঘটনায় অপমৃত্যুর মামলা করা হবে। একই সঙ্গে পুকুর ও অন্যান্য জলাশয়ের আশপাশে শিশুদের চলাফেরার সময় অভিভাবকদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় তৃতীয় শ্রেণীর মাদ্রাসা ছাত্র নিহত

মেহেরপুরের মুজিবনগরে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নাবিল নামের এক মাদ্রাসা ছাত্রের মৃত্যু হয়েছে। নিহত নাবিল হোসেন (১০) উপজেলার মানিকনগর গ্রামের কামরুজ্জামানের ছেলে এবং মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার তৃতীয় শ্রেণীর শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, আজ শনিবার দুপুর আড়াইটার সময় নাবিল মাদ্রাসা থেকে দুপুরের খাবার খেতে বাড়িতে আসে, খাবার খাওয়া শেষে সাইকেল যোগে মাদ্রাসার উদ্দেশ্যে রওনা দিলে মুজিবনগর মেহেরপুর সড়কের জৈনেক আহমদ হুজুরের বাড়ির নিকট পৌঁছালে একটি মোটরসাইকেল সাথে তার সাইকেলের ধাক্কা লাগে মোটরসাইকেলের ধাক্কায় নাবিল ছিটকে রাস্তার উপর পড়লে পাশ দিয়ে যাওয়া একটি ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলে মৃত্যুবরণ করেন। স্থানীয় জনগণের সহায়তায় ঘাতক ট্রাক ও মোটরসাইকেলটি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস ঘটনা সত্যতা স্বীকার করে জানান, খবর পেয়ে আমি সহ মুজিবনগর থানার টিম ঘটনাস্থলে যায়। সেখান থেকে ঘাতক ট্রাক এবং মোটরসাইকেলটি আটক করে থানায় নিয়ে আসা হয়েছে। সেই সাথে পলাতক মোটরসাইকেল চালক এবং ট্রাক চালককে সনাক্তের কাজ চলছে। পরবর্তীতে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন

‘দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬’ কর্মসূচি উপলক্ষে মেহেরপুরের মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে

প্রচার অভিযান, আলোচনা সভা ও সচেতনতামূলক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ সেপ্টেম্বর) সকাল ৯টায় উপজেলা প্রশাসনের আয়োজনে এ কর্মসূচির অংশ হিসেবে প্রথমে প্রচার-পূর্ব আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রুপায়ন দেব।

সভায় নির্বাহী অফিসার বলেন, মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের উদ্বোধনের মাধ্যমে দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ কর্মসূচি শুরু হবে। এ উপলক্ষে সকাল ৯টায় ঝিকরগাছা উপজেলা পরিষদ কনফারেন্স রুমে অনলাইন প্ল্যাটফর্মে উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রচারের আয়োজন করা হয়।প্রধানমন্ত্রীর উদ্বোধন শেষে উপজেলা পরিষদ চত্বরে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা:আসাদুজ্জামান, মুজিবনগর থানার অফিসার ইনচার্য (তদন্ত) সেলিম রেজা, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মনিরুজ্জামানসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

অংশগ্রহণকারীরা ডেঙ্গু প্রতিরোধে জমে থাকা পানি অপসারণ, মশার প্রজননস্থল ধ্বংস এবং নিজ নিজ বাড়ি ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার রূপায়ণ দেব বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের ডাকে সাড়া দিয়ে সম্মিলিতভাবে ডেঙ্গু প্রতিরোধে সরকারি উদ্যোগের পাশাপাশি জনসচেতনতা ও সবার সম্মিলিত অংশগ্রহণই সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে।

তাই প্রত্যেক নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে পরিচ্ছন্নতা বজায় রেখে ডেঙ্গুমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে এগিয়ে আসতে হবে।